

NOC:1809202302293

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।

www.dls.gov.bd

স্মারক নং- ৩৩.০১.০০০০.১১১.০৫.০১৬.১৩- ২৬০৪/৪

তারিখ- ২৭/০৯/২০২৩ইং

প্রাপক,

কাজী ফার্মস লিমিটেড
সালন্দর, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

বিষয়ঃ- পশুপুষ্টি উপকরণ আমদানির অনাপত্তি সনদ (NOC) প্রদান।


উপর্যুক্ত বিষয়ে আপনার ২৮/০৮/২০২৩ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে পশুপুষ্টি উপকরণ ও ভেটেরিনারি ঔষধ সামগ্রী আমদানি অনাপত্তি সনদ (NOC) প্রদান কমিটির ১৮/০৯/২০২৩ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত পণ্য পত্রে উল্লেখিত শর্তসাপেক্ষে USA থেকে আমদানির জন্য অনাপত্তি সনদ প্রদান করা হল।

আমদানিযোগ্য পণ্যঃ

SL No.	Description of Products	PI No. & Date	Country of Origin	Name & Address of Exporter	Pack Size	Quantity
1.	U.S DDGS(DISTILLERS DRIED GRAIN WITH SOLUBLES)	GIR7-3A0076K-00 27.06.2023	USA	AGREX ASIA, LTD. Temasek Avenue #19-00 Millena Tower, Singapore	BULK IN CONTAINER	1000 MT ±10%

শর্তাবলীঃ

- আমদানিতব্য পণ্য অবশ্যই পোল্ট্রি খাদ্য/পশু খাদ্য হিসেবে ব্যবহার করতে হবে।
- কমিটির সদস্য(গণ) ও ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সময় সময় ওয়্যার হাউজ, ব্যবসা প্রতিষ্ঠান ও বাজার পরিদর্শনে এবং বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে।
- আমদানিতব্য পণ্য রিপ্যাকিং করা যাবে না এবং পোল্ট্রি খাদ্য/পশু খাদ্য ব্যতীত অন্য কোনভাবে ব্যবহার করা যাবে না।
- এই ছাড়পত্রের মেয়াদ ইস্যুর তারিখ হতে ১(এক) বৎসর পর্যন্ত বলবৎ থাকবে। পণ্য আমদানী ও খালাস উক্ত ১ বৎসরের মধ্যে করতে হবে।
- সরকারের বিদ্যমান আইনের ব্যত্যয় ঘটলে অনাপত্তি সনদ (NOC) বাতিল বলে গণ্য হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- পশুখাদ্য বিধিমালা-২০১৩ এবং আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ৮(৮) এবং ২৪ এ উল্লেখিত বিষয়াদি অনুসরণ করতে হবে।
- সকল চালান জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চট্টগ্রাম/তীর প্রতিনিধির উপস্থিতিতে নমুনা সংগ্রহপূর্বক পিআরটিসি, চট্টগ্রাম/সরকার অনুমোদিত ল্যাবে পরীক্ষাসমূহ (বোভাইন ও শূকরের উপজাতের উপস্থিতি, মাইক্রোবায়োলজিক্যাল পরীক্ষা, ভারী ধাতুর উপস্থিতি ও ক্ষতিকারক এন্টিবায়োটিকের উপস্থিতি) করাতে হবে।
- পণ্য খালাসের পূর্বে ফাইটোসেনেটারি সার্টিফিকেট/হেলথ সার্টিফিকেট, শিপিং ডকুমেন্ট ও অন্যান্য কাগজপত্র প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক যাচাই করেনিতে হবে।


২৭/০৯/২৩

(ডাঃ মোঃ নাজমুল হক)

উপপরিচালক, প্রাণিস্বাস্থ্য

পক্ষে, মহাপরিচালক

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

ফোন-০২-৫৮১৫৭২১১

email: ddhealthdls@gmail.com

অনুলিপিঃ

- কমিশনার, কাস্টমস হাউজ, চট্টগ্রাম।
- জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চট্টগ্রাম।
- পরিচালক (ভারপ্রাপ্ত), পিআরটিসি, সিভাসু, চট্টগ্রাম।

